গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা

স্মারক নং- স্বাঃ অধিঃ/প্রশা-২/ পদ সৃষ্টি-মেডিকেল কোডার/২০১৭/১৯০৬ তারিখ: ২০/০৫/২৬

বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, এর স্মারক নং-৪৫.০০.০০০০.১৫০.১৫.০২৫.১৭-১১ তারিখ:১৯/০১/২০২৫ খ্রি. মূলে অস্থায়ী রাজস্ব খাতভুক্ত মেডিকেল কোডার (১০ম গ্রেড) ২২(বাইশ)টি পদ সৃজন করা হয়েছে। তন্মধ্যে স্বাস্থ্য অধিদিপ্তরে ০১ (এক) টি পদ এবং স্বাস্থ্য অধিদপ্তরের আওতাধীন নির্দিষ্ট চৌদ্দটি মেডিকেল কলেজ হাসপাতালে ১৪ (চৌদ্দ)টি পদ ও নির্দিষ্ট সাতটি সিভিল সার্জন কার্যালয়ে ০৭(সাত)টি পদ সৃজিত হয়েছে। উক্ত পদ সৃষ্টির আদেশে নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা এবং কমপক্ষে ০৮(আট) বছরের চাকুরীর অভিজ্ঞতা সম্পন্ন পরিসংখ্যানবিদ(গ্রেড-১৪) হতে পদোন্নতির মাধ্যমে উক্ত পদসমুহ পূরণের বিধান রাখা হয়েছে। জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নবসৃষ্ট মেডিকেল কোডার পদসমুহ পূরণের জন্য স্বাস্থ্য অধিদপ্তর উদ্যোগ গ্রহন করেছে।

এমতাবস্থায় জ্যেষ্ঠতার তালিকা প্রণয়নের লক্ষ্যে যে সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানে নূন্যতম ০৮(আট) বছরের চাকুরীর অভিজ্ঞতা সম্পন্ন পরিসংখ্যানবিদ(গ্রেড-১৪) কর্মরত আছেন তাদের যাবতীয় তথ্য (যেমন: স্বহস্তে লিখিত আবেদনপত্র, এইচআরএম, চাকুরীর সন্তোষজনক প্রত্যয়নপত্র, বিভাগীয় মামলা নাই মর্মে প্রত্যয়নপত্র, চাকুরীর খতিয়ান বহি) বিজ্ঞপ্তি জারীর ১৫ (পনের) কর্ম দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

Rumi
20.5.26
(অধ্যাপক ডাঃ জালাল উদ্দিন মোহাম্মদ রুমী)
পরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
hrm@ld.dghs.gov.bd

স্মারক নং- স্বাঃ অধিঃ/প্রশা-২/ পদ সৃষ্টি-মেডিকেল কোডার/২০১৭/১৯০৬/১(৯) তারিখ: ২০/৫/২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো :

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃঃআঃ সহকারী পরিচালক-সমন্বয়)

২। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৩। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (বিজ্ঞপ্তিটি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)

৪। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল ....(সকল)

৫। পরিচালক, (বিশেষায়িত হাসপাতাল) ....(সকল)

৬। পরিচালক (স্বাস্থ্য)..(সকল)

৭। সিভিল সার্জন/ তত্ত্বাবধায়ক/ সিভিল সার্জন কাম তত্ত্বাবধায়ক..(সকল)

৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্ম্মকর্তা..(সকল)

৯। অফিস কপি।

20.5.202
(ডাঃ মাহফুজ আরা বেগম)
সহকারী পরিচালক (প্রশাসন-১)
মহাপরিচালকের পক্ষে
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।